ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

<u>স-৫৯১</u>

আগরতলা,৭ মে,২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

"রোগীর প্রতি অমানবিক আচরণের অভিযোগ," এই শিরোনামে দৈনিক সংবাদ পত্রিকায় এবং ‘‘অমানবিক জিবি’র বাইরে কাতরাচ্ছে রোগী,’’ এই শিরোনামে স্যন্দন পত্রিকায় গত ৬ মে, ২০২৫ তারিখে প্রকাশিত দুটি সংবাদ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই বিষয়ে জিবিপি হাসপাতালের পক্ষ থেকে প্রেরিত তথ্যের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে, ওই রোগী জিবি হাসপাতালে ভর্তি ছিলেন না। তাঁর বাড়ির লোকের বক্তব্য অনুযায়ী, তিনি মানসিক অবসাদে ভুগছিলেন এবং প্রায়ই বাড়ি থেকে বেরিয়ে যেতেন। গত ৫ মে, ২০২৫ তারিখে জিবি হাসপাতালের নিরাপত্তা কর্মীরা দেখতে পান যে, হাসপাতালের বাইরে শুকানোর জন্য রাখা কিছু ম্যাট্রেসের উপর ওই ব্যক্তি শুয়ে আছেন এবং কিছু লোক তার ছবি তুলছেন। এরপর, জিবি হাসপাতালের সুলভ কর্মী ও নিরাপত্তা কর্মীরা ওই রোগীকে উদ্ধার করে একই দিনে বেলা ৩টা ৩০ মিনিটে হাসপাতালে ভর্তি করান। সুলভ কর্মীরা ওই রোগীকে প্রথমে জরুরি বিভাগে (ইমার্জেন্সি মেডিসিন) ভর্তি করেন, তারপর সেখান থেকে মেডিসিন ওয়ার্ডে তাঁকে স্থানান্তর করা হয়। রোগীর প্রয়োজনীয় সমস্ত পরীক্ষা-নিরীক্ষার জন্য বলা হয়। তবে, রোগীর কোনো আত্মীয় বা পরিজন সঙ্গে ছিলেন না। হাসপাতালে ভর্তির পরই তাঁর চিকিৎসা শুরু করা হয় এবং প্রয়োজনীয় ইনজেকশন ও স্যালাইন দেওয়া হয়। যেহেতু ওই রোগী মানসিক ভারসাম্যহীন ছিলেন, তাই ওইদিন রাত সাড়ে ১০টায় একজন মানসিক রোগ বিশেষজ্ঞ চিকিৎসককেও ডাকা হয়। দুর্ভাগ্যজনকভাবে, ওই রোগী গত ৬ মে, ২০২৫ তারিখে রাত ১টা ৪০ মিনিট নাগাদ মারা যান। প্রাথমিক মৃত্যুর কারণ হিসেবে সেপসিস সন্দেহ করা হচ্ছে। বর্তমানে রোগীর ময়নাতদন্ত (পোস্টমর্টেম) চলছে, যার রিপোর্ট এলে মৃত্যুর আসল কারণ জানা যাবে।

*********